দৈনিক সংবাদ

017

তারিখ 26 APR 1984 পৃষ্ঠা 4 কলাম 4

24

## কৃষি বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা

বাংলাদেশের একমাত্র কৃষি শিক্ষার প্রতিষ্ঠান এই কৃষি বিশ্ববিদ্যালয়। প্রতি বৎসর ভর্তির সময় ভর্তির প্রশ্নাবলী সাধারণতঃ আংশিক অবজেকটিভ আকারে হয়ে থাকে। কিন্তু বিগত মেডিক্যালের ভর্তি পরিক্ষা পদ্ধতিতে আমরা দেখছি যে, এম,সি কিউ পদ্ধতি অর্থাৎ একই প্রশ্নে এক বা একাধিক উত্তর দেয়া থাকে এবং ১00 নম্বরের এই পরীক্ষায় মোট সময় দেয়া থাকে তিন ঘন্টা। শুধু তাই নয়, এই প্রশ্নপত্রের উত্তরমালা কম্পিউটারেও দেখা হয়। দেশের বিভিন্ন উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানের ভর্তির প্রশ্নাবলীও এই পদ্ধতিতে করা হচ্ছে।

তাই কর্তৃপক্ষের কাছে আকুল আবেদন, সুষ্ঠু ও যথার্থ মেধা যাচাইয়ের জন্য কৃষি বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার সম্পূর্ণ প্রশ্নপত্র এম, সি, কিউ আকারে করা এবং কম্পিউটারে উত্তরমালা দেয়া হোক।

এস, এম আমজাদ কামাল রতন
ও মোঃ মাহমুদ হোসেন রতন
১ম বর্ষ অর্থনীতি (সম্মান)
আনন্দ মোহন বিশ্ববিদ্যালয় কলেজ, ময়মনসিংহ।